# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 03.10.2023** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় প্রকল্পের টাকা নিয়ে বঞ্চনা এবং দুর্নীতির অভিযোগে জাতীয় রাজধানী সরগরম।

বকেয়া পাওনা মেটানোর দাবিতে যন্তরমন্তরে ধর্ণা অবস্থানের পর অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস সন্ধ্যায় কৃষি ভবনে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে বৈঠকে বসে।

১-শো দিনের কাজ প্রকল্পে দুর্নীতির তদন্ত চেয়ে বিকেলে কৃষিভবনে যান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

২) রাজ্যে ডেঙ্গুতে আরও ৩ জনের মৃত্যু হয়েছে। আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে ৪৬ হাজার।

৩) নিম্নচাপের প্রভাবে রাজ্যের সর্বত্রই ৫ তারিখ পর্যন্ত বৃষ্টি চলবে। একটানা বৃষ্টি ও নদীর জল বাড়ায় প্লাবিত বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকা।

বন্যা পরিস্থিতি মোকাবিলায় বিভিন্ন জেলাকে আর্থিক ও ত্রাণ সহায়তা পাঠিয়েছে রাজ্য সরকার।

oooooooooooooooooooo

১-শো দিনের কাজ ও আবাস যোজনার মতো কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যের বকেয়া পাওনা মেটানোর দাবিতে দিল্লির যন্তরমন্তরে তৃণমূল কংগ্রেসের ধর্ণা অবস্থানের মধ্যেই পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে কেন্দ্রীয় প্রকল্পের টাকা নয়ছয়ের অভিযোগে সরব হয়েছে বিজেপি। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর আজ ওড়িশার ভূবনেশ্বরে সাংবাদিকদের কাছে, পশ্চিমবঙ্গে ১-শো দিনের কাজ ও আবাস যোজনার অর্থ তছরূপের অভিযোগ করেন। নাম না করে দিল্লিতে আন্দোলনের নেতৃত্বে দুর্নীতির দায়ে অভিযুক্ত সাংসদকে পাঠানো নিয়েও কটাক্ষ করেন তিনি।

(বাইট)

১-শো দিনের কাজ প্রকল্পে দুর্নীতির তদন্ত সি বি আই-কে দিয়ে করানোর দাবি নিয়ে আজ বিকেলে কৃষি ভবনে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর হাতে স্মারকলিপি তুলে দেন তিনি।

(বাইট)

আজ দিল্লিতে বিজেপি-র সদর দফতরে এক সাংবাদিক সম্মেলনে শুভেন্দু দাবি করেন, ১ কোটি ৩২ লক্ষের বেশি ভুয়ো জব কার্ড তৈরি করে কোটি কোটি টাকা আত্মসাত করা হয়েছে। গত ৯ বছরে ১-শো দিনের কাজ প্রকল্পে ৫৪ হাজার কোটি টাকার বেশি কেন্দ্রীয় বরাদ্দের মধ্যে অন্তত ৫-৬ হাজার কোটি টাকা লুঠ করা হয়েছে বলেও অভিযোগ করেন বিরোধী দলনেতা।

অন্যদিকে, যন্তরমন্তরের অবস্থান মঞ্চে দাঁড়িয়ে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রশ্ন তোলেন, দুর্নীতি যদি হয়ে থাকে তাহলে FIR দায়ের করা  হলো না কেন? ১-শো দিনের কাজ করে টাকা না পাওয়া বঞ্চিত মানুষদের ৫০ লক্ষ চিঠি গ্রামোন্নয়ন মন্ত্রীর দফতরে তারা জমা দেবেন বলেও জানান অভিষেক।

(বাইট)

যন্তরমন্তর থেকে সন্ধ্যায় তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দল যায় কৃষি ভবনে, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করতে। সাড়ে ৬-টা নাগাদ শুরু হয় বৈঠক।

এদিকে, কলকাতায় আন্দোলনরত চাকরি প্রার্থীদের সমর্থনে বিজেপি বিধায়করা আজ বৃষ্টি মাথায় নিয়ে বিধানসভা ভবনের সামনে রাস্তার ওপর বসে বিক্ষোভ দেখান।

০০০০০০০০০০০০০০০০০০০

এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তলবে আজ তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় যে হাজিরা দেবেন না, তা আগে কেন ওই সংস্থাকে জানানো হয়নি, তা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। গত শুক্রবার বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছিলেন, ৩ রা অক্টোবরের তদন্ত প্রক্রিয়া যাতে কোনওভাবে ব্যাহত না হয়, ইডিকে তা নিশ্চিত করতে হবে। সিঙ্গল বেঞ্চের সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন অভিষেক। আগামীকাল এই মামলার শুনানি হবে বলে জানিয়েছেন বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ।

অভিষেকের আইনজীবী কিশোর দত্তের বক্তব্য, তাঁর মক্কেলকে মামলায় যুক্ত না করে, তাঁর কথা না শুনেই সিঙ্গল বেঞ্চ নির্দেশ দিয়েছেন। প্রতি বার রাজনৈতিক কর্মসূচির দিনই অভিষেককে তলব করা হয়। ডিভিশন বেঞ্চ তখন জানতে চান,পূর্ব নির্ধারিত কর্মসূচির বিষয়টি ইডিকে জানানো হয়েছিল কিনা। তিনি যে আজ হাজিরা দেবেন না, তা ইডিকে জানিয়ে দেওয়া উচিত ছিল বলেও জানান ডিভিশন বেঞ্চ। ইডির আইনজীবী বলেন, অভিষেক মঙ্গলবার ব্যস্ত থাকলে বুধবারেও হাজিরা দিতে পারেন।

০০০০০০০০০০০০০০০০০০০

১-শো দিনের কাজ, আবাস যোজনা, বিভিন্ন দফতরে নিয়োগ সহ সর্ব ক্ষেত্রে দুর্নীতির প্রতিবাদে সিপিআইএম আগামী বৃহস্পতিবার কলকাতার সিজিও কমপ্লেক্স

অভিযান করবে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ মেদিনীপুরে এই কর্মসূচীর কথা ঘোষণা করেন। তিনি জানান, পুলিশ অনুমতি না দিলেও ৫ তারিখ এই অভিযান হবে।

(বাইট – সেলিম)

০০০০০০০০০০০০০০০০০০০০

অবিলম্বে নিয়োগের দাবীতে উচ্চ প্রাথমিকে চাকরী প্রার্থীদের একাংশ আজ ধর্মতলা চত্ত্বরে প্রতিবাদ বিক্ষোভে সামিল হন। শিয়ালদা স্টেশন থেকে শুরু হয়ে মিছিল ধর্মতলায় পৌঁছয়। মৌলালি মোড়ের পর ধর্মতলার S N ব্যানার্জী রোডের মুখেও, চাকরীপ্রার্থীরা রাস্তায় বসে পড়েন। ফলে ব্যহত হয় যান চলাচল। ঢাক বাজিয়ে হাতে কাশফুল নিয়ে খালি গায়ে মিছিলে অংশ নেন অনেক চাকরী প্রার্থী।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ডেঙ্গুতে আরও ৩ জনের মৃত্যু হয়েছে। দক্ষিণ দমদমে প্রাণ হারিয়েছেন, ২০ নম্বর ওয়ার্ডের বাঙুর শ্যামাপ্রসাদ কলোনির বাসিন্দা,৫৮ বছরের শ্যামলী বন্দ্যোপাধ্যায়। উল্টোডাঙার একটি বেসরকারি হাসপাতালে তাঁর চিকিৎসা চলছিল। গতকাল সেখানেই মৃত্যু হয় তাঁর। ডেথ সার্টিফিকিটে ডেঙ্গুর উল্লেখ থাকলেও স্থানীয় কাউন্সিলর কৃষ্ণপদ দত্ত দাবি করেছেন, শ্যামলী বন্দ্যোপাধ্যায়ের স্বামী জানিয়েছেন, তার স্ত্রীর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে। ডেঙ্গুর কারণে নয়। দীর্ঘদিন ধরে বিভিন্ন রোগে চিকিৎসাধীন ছিলেন তিনি। যদিও পরিবারের সদস্যদের দাবি, ডেঙ্গুতে আক্রান্ত হয়েই শ্যামলীদেবীর মৃত্যু হয়েছে।

এই নিয়ে দক্ষিণ দমদম পুর এলাকায় এ পর্যন্ত ডেঙ্গুতে ৮ জনের মৃত্যু হলো। আক্রান্তের সংখ্যা প্রায় এক হাজার।

গতসন্ধ্যায় মারা যান পরেশ সাউ নামে ঠাকুরপুকুরের এক বাসিন্দা। বেসরকারি সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, রাজ্যে এ পর্যন্ত ডেঙ্গুতে ৫৪ জনের মৃত্যু হয়েছে। আক্রান্তের সংখ্যা পৌঁছে গিয়েছে প্রায় ৪৬ হাজারে।

oooooooooooooooooooo

মুর্শিদাবাদের বড়েঞাঁর নিমা গ্রামের ডেঙ্গু আক্রান্ত এক যুবকের মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যু হয়েছে। পেশায় ট্রাক চালক, সুধাম ঘোষ নামে বছর ৩৩-এর ওই যুবক কলকাতা থেকে জ্বর নিয়ে বাড়ি ফেরেন। দিন তিনেক পর কান্দি মহকুমা হাসপাতালে তাঁকে ভর্তি করা হয়। রক্ত পরীক্ষায় ডেঙ্গু ধরা পড়লে ২৭ তারিখ মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয় তাঁকে। আই সি ইউ-তে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বিকেলে তিনি মারা যান।

oooooooooooooooooooo

ডেঙ্গু নিয়ন্ত্রণে কলকাতা পুরসভা ব্যর্থ- এই অভিযোগ তুলে SUCI কমিউনিস্ট আজ পুরসভা অভিযানের ডাক দেয়। সুবোধ মল্লিক স্কোয়ার থেকে মিছিল শুরু হয়। পুরসভার সামনে ব্যারিকেড করে পুলিশ মিছিল আটকানোর চেষ্টা করলে, শুরু হয় ধস্তাধস্তি।

oooooooooooooooooooo

নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। পাঁচ তারিখ পর্যন্ত বৃষ্টি চলবে বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সঞ্জীব বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট)

কলকাতায় আজ সকাল থেকে দফায় দফায় বৃষ্টিতে স্বাভাবিক জনজীবন ব্যাহত হয়। আকাশ মেঘলা থাকায় দিনের তাপমাত্রা আজও স্বাভাবিকের চেয়ে চার ডিগ্রী কমে হয়েছে ২৯ দশমিক এক ডিগ্রী সেলসিয়াস।

ooooooooooooooooooooo

একটানা বৃষ্টিতে নদীর জল বাড়ায় এবং বিভিন্ন জলাধার থেকে জল ছাড়ার ফলে বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকা প্লাবিত। বাঁকুড়ায় সব নদীতে জল বেড়েছে।

পশ্চিম মেদিনীপুরের ঘাটাল পুরসভার ৩, ৬ ও ৭ নম্বর ওয়ার্ড এবং মনসুকা এক নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায়, শীলাবতী ও ঝুমি নদীর জল ঢুকতে শুরু করেছে।
ডুবে গেছে বহু রাস্তা।

আজ বিকেলে ঘাটালের বন্যা পরিস্থিতি ঘুরে দেখেন জেলাশাসক ও পুলিশ সুপার। দুর্গতদের মধ্যে ত্রাণ বিলি করা হয়।

এদিকে, ডিভিসি আজ তাদের মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে ৯০ হাজার কিউসেক হারে জল ছেড়েছে। নবান্ন থেকে জারি করা এক বিবৃতিতে বর্তমান পরিস্থিতিতে সেচ ও জলপথ দপ্তরকে ডিভিসি ও ঝাড়খন্ড কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে বলা হয়েছে। দুর্গাপুর জলাধার থেকে এখন ছাড়া হচ্ছে ১ লক্ষ ২৩ হাজার কিউসেক জল।

বাঁকুড়া ও পুরুলিয়ায় ৩৫টি ত্রান শিবির খোলা হয়েছে। এখনও পর্যন্ত দুর্যোগ কবলিত জেলাগুলিতে ১৪ হাজার ৪৬৭টি ত্রিপল পাঠানো হয়েছে।

oooooooooooooooooooo

পূর্ব বর্ধমান জেলায় দামোদর সহ সব নদীর জলস্তর বেড়েছে তবে তা বিপদসীমার নীচে রয়েছে। আজও সারাদিন ধরে দফায় দফায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হচ্ছে। জেলাশাসক জানিয়েছেন জেলায় বন্যার কোনো সতর্কতা এই মুহূর্তে নেই। তবে সব ধরনের প্রস্তুতি রাখা হয়েছে। জেলার সব নদীতে রাতে নৌকা চলাচল বন্ধ রাখা হয়েছে। জেলা, মহকুমা এবং ব্লক স্তরে খোলা হয়েছে কন্ট্রোল রুম।

oooooooooooooooooooo

নিম্নচাপের টানা বৃষ্টির জেরে  দুর্গাপুর জলাধার থেকে জল ছাড়ায় বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে বাঁকুড়ার দামোদর পার্শ্ববর্তী সোনামুখি, পাত্রসায়র এলাকায়। আতঙ্কিত এলাকার বাসিন্দারা। উদ্বেগ ক্রমশঃ বাড়ছে । অপরদিকে টানা বৃষ্টির জেরে  দ্বারকেশ্বর নদের জলস্তর বৃদ্ধি পাওয়ায় জলের তলায় চলে গেছে একাধিক সেতু।

০০০০০০০০০০০০০০০০০০০০

আপৎকালীন সহায়তা হিসেবে রাজ্য সরকার, বাঁকুড়া, বীরভূম ও পশ্চিম মেদিনীপুর জেলা প্রশাসনকে এখনও পর্যন্ত ১০ লক্ষ টাকা করে দিয়েছে। পশ্চিম মেদিনীপুরে ১-শো এবং দক্ষিণ দিনাজপুরে ৫০ মেট্রিক টন অতিরিক্ত খাদ্যশস্য পাঠানো হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পিএম বিশ্বকর্মা যোজনা নিয়ে আগামী বৃহস্পতিবার শুনবেন বিশেষ আলোচনা, 'পিএম বিশ্বকর্মা যোজনা ও আর্থিক ক্ষমতায়ন'। এতে অংশ নিয়েছেন UCO Bank শঙ্করহাটি হাওড়া শাখার ম্যানেজার অমৃতা চক্রবর্তি, পুতুল শিল্পী সাধন পাল, মৃৎ শিল্পী তরুণ পাল ও ক্ষৌরকার  তুষার দাস।

সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানের সঞ্চালনায় থাকছেন কল্যাণ লাহা। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় আকাশবাণী কলকাতার গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচারতরঙ্গে এবং DTH বাংলায়। বৃহস্পতিবার শুনবেন অনুষ্ঠানটির প্রথম পর্ব। শেষ পর্ব শোনা যাবে আগামী শনিবার।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০